



বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
Bangladesh Power Development Board

“শেখ হাসিনার উদ্যোগ,
ঘরে ঘরে বিদ্যুৎ”

কর্মচারী পরিদপ্তর
ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা
৯৫৫৩১০১

সূত্র নং-২৭.১১.০০০০.২১০.২১.৯১১.১৮-১২৩

তারিখঃ ০৩-০৫-২০১৮ইং

জনাব মোঃ রাসেল খান
পরিচিতি নং-১১-২৩৯৮
উপ-সহকারী প্রকৌশলী
বিক্রয় ও বিতরণ বিভাগ, বাজিতপুর
বিউবো, কিশোরগঞ্জ

বিষয় : চাকুরী সংক্রান্ত প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ প্রসংগে।

সূত্রঃ নং- ০২-বিউবো(কর্ম)/৩/বিবিধ-১৬১/২০১৬ তারিখ ০৫-০১-২০১৭ইং।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাইতেছে যে, সূত্রোক্ত নিয়োগাদেশের ১০নং শর্তে যাচিত তথ্যাদির মধ্যে নিম্নেবর্ণিত ছকের ২ নং কলামে উল্লেখিত কাগজপত্র অদ্যাবধি আপনার যোগদান পত্রের সহিত পাওয়া যায় নাই।

ক্রমিক নং	যে সব কাগজপত্র পাওয়া যায় নাই
১	২
১.	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের চীফ মেডিক্যাল অফিসার /সিনিয়র মেডিক্যাল অফিসার অথবা বোর্ড কর্তৃক অনুমোদিত কোন সরকারী মেডিক্যাল অফিসার কর্তৃক প্রদত্ত স্বাস্থ্যগত সনদপত্র।
২.	নির্ধারিত ছকে পূরণকৃত জীবন বৃত্তান্ত।
৩.	বোর্ডের নির্ধারিত ছকে পূরণকৃত পুলিশ ভেরিফিকেশন ফরম।
৪.	সকল শিক্ষাগত যোগ্যতার মূল সনদের সত্যায়িত অনুলিপি-২সেট।
৫.	কোন এলাকার স্থায়ী বাসিন্দা সেই সম্পর্কে নিজ এলাকার ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যানের প্রত্যয়ন পত্রের সত্যায়িত অনুলিপি।
৬.	পদস্থিত দপ্তরে পেশকৃত যোগদান পত্র গৃহীত হওয়ার কপি (তারিখ উল্লেখসহ)।
৭.	ইনডাকশন ট্রেনিং এর সনদ।

বর্ণিতাবস্থায়, অত্রপত্র জারীর তারিখ হইতে ১৫ (পনের) দিনের মধ্যে উক্ত কাগজপত্র জরুরীভিত্তিতে কর্মচারী পরিদপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হইল। বর্ণিত তথ্যাদি নির্ধারিত তারিখের মধ্যে কর্মচারী পরিদপ্তরে পাওয়া না গেলে এবং উহার কারণে চাকুরী স্থায়ীকরণসহ অন্যান্য সুবিধা হইতে বঞ্চিত হইলে তাহার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকিবে না।

বিষয়টি অতীব জরুরী।

নির্দেশক্রমে,

(মোঃ বনি আমিন)

পরিচিতি নং- ২-০২২৯

সিনিয়র সহকারী পরিচালক-৩

কর্মচারী পরিদপ্তর, বিউবো, ঢাকা

ফোনঃ ৯৫৬৬০৬১-৫, পিএবিএক্সঃ- ৩৬০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ-

- ১। প্রধান প্রকৌশলী, বিতরণ কেন্দ্রীয় অঞ্চল, বিউবো, ময়মনসিংহ।
- ২। নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, বাজিতপুর, বিউবো, কিশোরগঞ্জ।
- ৩। সিনিয়র সহকারী পরিচালক-৯, কর্মচারী পরিদপ্তর, বিউবো, ঢাকা।